যুগান্তর

তারিখ ... 24 APR 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

# গাজীপুরে এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

**গাজীপুর প্রতিনিধি**

গাজীপুরে এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসে জড়িত থাকার অভিযোগে গাজীপুরে এক পরীক্ষার্থীকে এক মাসের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। এ সময় আরও ৩ পরীক্ষার্থীকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করা হয়েছে। রোববার ভ্রাম্যমাণ আদালতের বিচারক গাজীপুরের নির্বাহী ম্যাজিস্ট্রেট সাদিয়া আফরোজ এ দণ্ড দেন। দণ্ডপ্রাপ্ত শিক্ষার্থীর নাম ফারহানা সুলতানা। গাজীপুর সিটি কর্পোরেশনের তেলিপাড়া এলাকার ওসমান খানের মেয়ে ফারহানা গাজীপুর সরকারি মহিলা কলেজের এইচএসসি পরীক্ষার্থী। গাজীপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. ইফতেখার আহমেদ চৌধুরী জানান, রোববার সকালে এইচএসসির হিসাববিজ্ঞান দ্বিতীয় বিষয় পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা শুরুর আগে গাজীপুর জেলা শহরের কাজী আজিম উদ্দিন কলেজ কেন্দ্রে প্রবেশের সময় ফারহানা সুলতানা নামের এক পরীক্ষার্থিনীর কাছ থেকে ওই কেন্দ্র কর্তৃপক্ষ একটি মোবাইল ফোন জব্দ করে। তারা মোবাইলের হোয়াটস্ আপ নামের একটি গ্রুপ অ্যাপস পরীক্ষা করে তাতে হিসাববিজ্ঞান বিষয়ের দ্বিতীয় পত্র পরীক্ষার উত্তরসহ প্রশ্নপত্রের সন্ধান পান, যা রোববার অনুষ্ঠিত পরীক্ষার প্রশ্নপত্রের সঙ্গে সম্পূর্ণ মিল রয়েছে। খবর পেয়ে গাজীপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. ইফতেখার আহমেদ চৌধুরী ও গাজীপুরের নির্বাহী ম্যাজিস্ট্রেট সাদিয়া আফরোজসহ পুলিশ ও গোয়েন্দা বিভাগের লোকজন ঘটনাস্থলে যান। তারা এ ব্যাপারে পরীক্ষার্থিনী ফারহানা সুলতানাকে জিজ্ঞাসাবাদ করেন। জিজ্ঞাসাবাদের একপর্যায়ে তার স্বীকারোক্তির ভিত্তিতে স্থানীয় গাজীপুর সরকারি মহিলা কলেজ কেন্দ্র থেকে একই বিষয়ের অপর দু'পরীক্ষার্থী আসিফ উদ্দিন খান ও ওমর ফারুক সাব্বিরকে আটক করা হয়। পরে তাদের দেয়া তথ্যের ভিত্তিতে বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থী নাফিস আনামকে শহরের উত্তর বিলাসপুর এলাকা থেকে আটক করা হয়। তাদের কাছ থেকে আলামতসহ একটি ট্যাব ও দুটি মোবাইল ফোন জব্দ করা হয়। এদের মধ্যে গাজীপুর আসিফ উদ্দিন খান ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের, ওমর ফারুক সাব্বির গাজীপুর মেট্রোপলিটন কলেজের, নাফিস আনাম কাজী আজিম উদ্দিন কলেজ থেকে এবার এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে।

## এক ছাত্রীর কারাদণ্ড ৩ ছাত্র পুলিশ হেফাজতে

জিজ্ঞাসাবাদকালে আটককৃতরা জানায়, আসিফ উদ্দিন খান ফেসবুকে হোয়াটস আপ নামের একটি গ্রুপ অ্যাপস্ খোলে। এ গ্রুপে আটককৃতরাসহ বেশ কয়েক এইচএসসি পরীক্ষার্থী রয়েছে। তারা 'অভিশপ্ত ব্যাচ' নামের অপর একটি অ্যাপস থেকে দেড়শ' টাকার বিনিময়ে প্রতিজনের জন্য প্রতিটি প্রশ্নপত্র সংগ্রহ করে তিনশ' টাকা করে বিক্রি করে। হিসাববিজ্ঞান বিষয়ের ১ম পত্র ও আইসিটি বিষয়ের প্রশ্নপত্র সংগ্রহ ও সরবরাহ করে। অভিশপ্ত ব্যাচের জন্য আদায়কৃত টাকা বিকাশের মাধ্যমে পাঠানো হয়। পরে আটককৃতদের গাজীপুরের নির্বাহী ম্যাজিস্ট্রেট সাদিয়া আফরোজ নেতৃত্বাধীন ভ্রাম্যমাণ আদালতে হাজির করা হলে বিচারক ফারহানা সুলতানাকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন। এ সময় আটক অন্যদের বিরুদ্ধে তদন্ত ও মামলাসহ আইনগত ব্যবস্থা নেয়ার জন্য তাদেরকে পুলিশের কাছে সোপর্দ করেন। এ দিন ফারহানা সুলতানা, আসিফ উদ্দিন খান ও ওমর ফারুক সাব্বিরকে পরীক্ষা থেকে বহিষ্কার করা হয়। জয়দেবপুর থানার এসআই সাইদুর রহমান জানান, ফারহানা সুলতানাকে কারাগারে পাঠানো হয়েছে এবং আটক অন্যদের ব্যাপারে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............

| | |
| --- | --- |
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর